**"বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন" শীর্ষক প্রকল্প।**

**বাস্তবায়নকারী সংস্থা /সংস্থাসমূহ)** ঃ বাংলাদেশ বেতার।

**প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা (সুবিধাভোগীসহ)ঃ-**

♦ বাংলাদেশ বেতার ১৯৭৪ সালে আইটিইউ, জেনেভা থেকে ৬৯৩ কিলোহার্জে ১০০০ কিলোওয়াট ক্ষমতার এ.এম. ট্রান্সমিটার চালানোর অনুমতি পেয়ে সাবেক সোভিয়েত ইউনিয়নের নিকট হতে ১৯৭৬ সালে দুটি ৫০০ কিলোওয়াট মধ্যম তরংগ ট্রান্সমিটার সংগ্রহ করে ১০০০ কিলোওয়াট ক্ষমতায় ৬৯৩ কিলোহার্জে অনুষ্ঠান প্রচার শুরু করেন। এ ট্রান্সমিটার দ্বারা দেশের প্রায় ৯৫% শ্রোতার নিকট সহজেই মধ্যম তরংগের সিগন্যাল পৌঁছে যায়, তাছাড়া রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তির সরাসরি ভাষণ, সংসদ অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠান এ ট্রান্সমিটার দ্বারা প্রচার করা হয়ে থাকে। তাই বেতারের জন্য এ ট্রান্সমিটারটি অত্যান্ত গুরুত্বপূর্ণ।

♦ ২০০৮-০৯ অর্থ বছরে একটি ৫০০ কিলোওয়াট ট্রান্সমিটার অপসারণ করে নতুন একটি ১০০০ কিলোওয়াট ক্ষমতার ট্রান্সমিটার স্থাপন করা হয় যেটি ইতোপূর্বে ওটিএম(আর্ন্তজাতিক) দরপত্রের মাধ্যমে সংগ্রহ করা হয়। এটির বয়সও প্রায় ৮-৯ বছর হয়ে যাওয়ায় পুরাতন আরেকটি অকোজো ৫০০ কিলোওয়াট ট্রান্সমিটার অপসারণ করে তার স্থলে নতুন একটি আধুনিক এবং ডিজিটাল প্রযুক্তিসম্পন্ন ১০০০ কিলোওয়াট ট্রান্সমিটার স্থাপন, নতুন রেডিয়াল ওয়ার, ফিডার লাইনসহ এন্টিণা রিনোভেশন কাজ বাস্তবায়ন।

♦ ১০০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ট্রান্সমিটারটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এ প্রকল্পের আওতায় ১০০০ কেভিএ ডিজেল জেনারেটরসহ সাবস্টেশন বিল্ডিং নির্মানকাজ এবং পুরাতন ৫ এমভিএ সাবস্টেশন মেরামতসহ অন্যান্য পূর্তসংশ্লিষ্ট কাজ বাস্তবায়ন।

**প্রকল্পের বাস্তবায়নকাল ঃ**মূল ডিপিপিতে ০১/০১/২০১৬খ্রিঃ থেকে ৩০/০৬/২০১৮খ্রিঃ পর্যন্ত ছিল। পরবর্তীতে ডিপিপি পুর্ণগঠনসহ মেয়াদকাল ৩০/০৬/২০১৯খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্তমানে এটি ৩০/০৬/২০২০খ্রিঃ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব প্রক্রিয়াধীন ।

**প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়): জিওবি**৭৩৫৫.২১ লক্ষ টাকা (সংশোধিত)।

**প্রকল্পএলাকা** ঃ মহাশক্তি প্রেরণ কেন্দ্র,বাংলাদেশ বেতার, ধামরাই।

**প্রকল্পের প্রধান আইটেমসমূহ/অঙ্গ:**

(১) ১০০০ কিলোওয়াট মধ্যম তরংগ ট্রান্সমিটার ক্রয় ও স্থাপনসহ ফিডার লাইন ও ৬০০ ফুট এন্টিনার মেরামত কাজ ।
(২) ১০০০ কেভিএ জেনারেটর ক্রয় ও স্থাপন।
(৩) ০৫ এমভিএ সাবষ্টেশন (৩৩/১১ কেভি)সহ নতুন ১১ কেভি সাবস্টেশন এবং প্রটেকশ্ন সার্কিট স্থাপন ।
(৪) পূর্ত কাজের আওতায় ধামরাই কেন্দ্রের বিভিন্ন মেরামত কাজ সম্পাদন।
(৫) জিডি-২ প্যাকেজের আওতায় Programme Input Equipment & Measuring Equipment ক্রয়।
(৬) রেডিয়াল ওয়ার স্থাপন কাজ।
(৭) অপটিক্যাল ফাইবারের মাধ্যমে অডিও লিংক স্থাপন কাজ।
(৮) সিকিউরিটি লাইট এবং সিসিটিভি স্থাপন কাজ।

বর্তমান অবস্থা: প্রকল্পের অধিকাংশ কাজ পরিসমাপ্তির পথে। জুন/২০২০ এর মধ্যে প্রকল্পটির সম্পূর্ণ অংশের কাজ সম্পন্ন হবে। ১০০০ কিলোওয়াট ট্রান্সমিটারটির স্থাপন কাজ শেষ হলে এণালগ এবং ডিজিটাল পদ্ধতিতে একইসাথে ট্রান্সমিশন করা সম্ভব হবে।